

রায়গঞ্জে উপবৃত্তি প্রদানে আইনী জটিলতা ॥ ১১ হাজার প্রাথমিক শিক্ষার্থী বঞ্চিত

রায়গঞ্জ (সিরাভাগত) থেকে সংবাদমাত্রা ॥ উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানে আইনী জটিলতা সৃষ্টি হয়েছে। মলে উপজেলার প্রায় সাড়ে ১১ হাজার প্রাথমিক শিক্ষার্থী উপবৃত্তির অর্পপ্রাপ্তি থেকে বঞ্চিত হয়েছে। এ ঘটনায় গত ২৭ নভেম্বর শিক্ষার্থীদের অভিভাবকদের হাতে এনামিকে শিক্ষক লাক্তিত হয়েছেন। অনামিকে শিক্ষকদের কাছে উপজেলার শিক্ষা অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীরা অবরুদ্ধ হয়ে পড়েছেন। জানা গেছে, অনামিক ২০ শতাংশ ছাত্র-ছাত্রীকে বৃত্তি পরীক্ষায় অংশ নেয়নি এমন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উপবৃত্তি প্রদান বন্ধের নির্দেশ আসায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।

সংশ্লিষ্ট সত্রে জানা গেছে, উপজেলার ৯টি ইউনিয়নের মোট ১৯৭টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় সাড়ে ১৬ হাজার ছাত্র-ছাত্রী প্রতি ১৭ টাকা করে উপবৃত্তি পেয়ে আসছিল।

সরকারী নীতিমালা অনুযায়ী অনামিক ২০ শতাংশ ছাত্র-ছাত্রীকে প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে বাধ্য হওয়ার শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক উপজেলার শিক্ষা অফিস ১৯৫টি শিক্ষা প্রতিষ্ঠানের চমতি বছরের জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর মাসের উপবৃত্তি বন্ধ করে দেয়।

আসন্ন বৃত্তি পরীক্ষার কোটা পূরণে বার্ষিক হওয়ার উপবৃত্তি প্রাপ্তি থেকে বাদ পড়া ১৯৫টি শিক্ষা প্রতিষ্ঠান যেমন ব্রহ্মগাছা ইউনিয়নে ১৭টি, ঝানাইনগর ১২টি, নলকা ২০টি, চান্দাইকোনা ১৬টি, ধুবিল ১৮টি, সোনারগাঁও ১২টি, খুবকা ১৪টি, পাঙ্গাঙ্গী ২২টি ও ধানগড়া ইউনিয়নে ১৮টি। উপজেলার ১৯৭টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বাদ পড়া ১৯৫টি বিদ্যালয়ের ১১ হাজার ৩৭০ জন ছাত্র-ছাত্রীর ৩ মাসের উপবৃত্তির ৩৪ লাখ ১ হাজার টাকা ফেরত যাচ্ছে।

অপরদিকে শিক্ষকদের গাফলতি কবিনে এই অবস্থা সৃষ্টি হওয়ার শিক্ষার্থীদের অভিভাবকরা

ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন। উপজেলার বাণিজ্য প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জামিন বহমানসহ একাধিক শিক্ষক অভিভাবকদের হাতে লাক্তিত হয়েছেন। অভিভাবকদের চাপের মুখে প্রায় ২ শতাধিক শিক্ষক গত ২৭ নভেম্বর উপজেলার শিক্ষা অফিসে ধরনা দিতে থাকেন। এক পর্যায়ে শিক্ষা অফিসে কর্তৃত্ব কর্তৃত্বা-কর্মচারীরা অবরুদ্ধ হয়ে পড়েন। এ ব্যাপারে উপজেলার ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার আঃ আজিজ রিয়ান সাথে যোগাযোগ করলে তিনি উদ্ধৃত পবিস্থিতি ও উল্লিখিত ঘটনার কথা স্বীকার করেন।

পাটগ্রামে ২ হাজার ৬১০ জন শিক্ষার্থী উপবৃত্তি থেকে বঞ্চিত

পাটগ্রাম (লালমনিরহাট) থেকে সংবাদমাত্রা ॥ উপজেলার ২১টি প্রাথমিক বিদ্যালয়ের ২ হাজার ৬১০ জন ছাত্র-ছাত্রী উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হয়েছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উপবৃত্তির ১ হাজার ৬০৪ জন ছাত্র-ছাত্রীর জন্য ২৯ লাখ ৩৮ হাজার ৮৭৫ টাকার বরাদ্দ চেয়ে উপজেলার শিক্ষা কর্মকর্তায় মাধ্যমে একথা পবিচালক ধারাবরে তালিকা পাঠান। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এসব ছাত্র-ছাত্রীর উপবৃত্তি বাবদ ২৮

লাখ ৪৩ হাজার ৪৭৫ টাকা বরাদ্দ প্রদান করেন। বলা হয়েছে সচিবালয়ের এক পরিপত্রে তালিকাভুক্ত প্রাথমিক বিদ্যালয়সমূহের ৫ন শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর মধ্যে কমপক্ষে ২০ ভাগ ছাত্র-ছাত্রী প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ না করায় ২১টি প্রাথমিক বিদ্যালয়ের ২ হাজার ৬১০ জন ছাত্র-ছাত্রী ৯৫ হাজার ৪০০ টাকার উপবৃত্তি থেকে বঞ্চিত হয়েছে। উপজেলার শিক্ষা কর্মকর্তা-এর সত্যতা স্বীকার করেন।